

মুগান্তব

প্রিন্ট: ০৯ মার্চ ২০২৫, ১১:২১ এএম

রাজনীতি

এবার ছাত্রদলের টাকার উৎস জানতে চাইলেন জৰি ছাত্রশিবিরের সেক্রেটারি



মুগান্তর ডেক্স

প্রকাশ: ০৮ মার্চ ২০২৫, ১২:৪৬ পিএম



ছাত্রদলের টাকার উৎস জানতে চেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সেক্রেটারি
রিয়াজুল ইসলাম।

শুক্রবার বিকালে জবি ছাত্রশিবিরের সেক্রেটারি নিজ দলের টাকার উৎস জানিয়ে ছাত্রদলের
কাছে পাল্টা প্রশ্ন রেখে নিজের ফেসবুক আইডিতে একটি পোস্ট দিয়েছেন।

ওই পোস্টে রিয়াজুল লেখেন, ‘ছাত্রদলের টাকার উৎস কী?’ অনেকের ধারণা, ছাত্রদল সাধারণ
সম্পাদকের একটি প্রশ্নকে কেন্দ্র করে পাল্টা এ প্রশ্ন রেখেছেন জবি শিবিরের এ নেতা।

প্রসঙ্গত, এদিন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের টাকার উৎস নিয়ে প্রশ্ন তুলেছেন বাংলাদেশ
জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহির উদ্দীন।

নয়াপল্টনস্থ বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের তৃতীয় তলার কনফারেন্স কক্ষে সংবাদ সম্মেলনে এ
প্রশ্ন তোলেন তিনি।

ছাত্রদল সম্পাদক বলেন, আমারা গণমাধ্যমে ছাত্রশিবিরের সেক্রেটারিকে বলতে শুনেছি তারা
প্রতিদিন গণ-ইফতার কর্মসূচিতে ৩ লাখ টাকা ব্যয় করছেন। আমাদের প্রশ্ন হচ্ছে, তারা এত
টাকা কিভাবে উপার্জন করছেন। তাদের আয়ের উৎস কী? একটি সাধারণ ছাত্র সংগঠন মাসে
৯০ লাখ টাকা কোথায় পাচ্ছে এই আমরা গণমাধ্যমের মাধ্যমে শিবিরের কাছে জানতে চাই।

